

# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 24 April, 2025

বিনাইদহের শৈলকুপায় ভয়াবহ সড়ক দুর্ঘটনা ঘটেছে। নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা খেয়ে রাস্তার পাশের গর্তে পড়ে যায় যাত্রীবাহী একটি বাস। দুর্ঘটনার সময় বাসের ছাঁদ খুলে গিয়ে গাছের ডালে ঝুলে থাকে। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ৪ জন।

জানা গেছে, বৃহস্পতিবার সকালে 'এফকে ডিলাক্স' নামের একটি যাত্রীবাহী বাস ঢাকা থেকে কুষ্টিয়া হয়ে শৈলকুপা যাচ্ছিল। পথে বিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের শৈলকুপা উপজেলার বড়দাহ এলাকায় পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। এতে বাসটি সড়কের পাশের একটি গাছে ধাক্কা খেয়ে বাসটি গর্তে পড়ে যায় এবং বাসের ছাঁদ খুলে গিয়ে গাছের ডালে ঝুলে থাকে।

স্থানীয়রা জানান, দুর্ঘটনার পর বাসের ছাঁদ আলাদা হয়ে গাছের ডালে ঝুলে থাকতে দেখা যায়, যা ছিলো এক ভীতিকর দৃশ্য। দ্রুতই পুলিশ ও ফায়ার সার্ভিস কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠায় এবং যান চলাচল স্বাভাবিক করে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুম খান বলেন, “দুর্ঘটনার খবর পেয়ে আমরা সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পৌঁছাই। দুর্ঘটনার চারজন আহত হয়েছেন। তাদের হাসপাতালে পাঠানো হয়েছে। বাস এবং ছাঁদ সরিয়ে সড়ক পরিষ্কার করা হয়েছে।

বিনাইদহ সড়ক দুর্ঘটনা যাত্রীবাহী বাস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:50

URL: <https://timestodaybd.com/across-the-country/1373775807>